

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ৩১, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
টিএ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ১২ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ/২৭ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৮০-আইন/২০২২—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে “ইলিশা নদী বন্দর, ভোলা” এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা:—

তফসিল

“ইলিশা নদী বন্দর, ভোলা” এর—

- (ক) দক্ষিণ সীমানা : ভোলা জেলার সদর উপজেলাস্থ ইলিশা লঞ্চঘাট হইতে ধনিয়া ইউনিয়নের শাহবাজপুর মেঘনা পর্যটন কেন্দ্র হইতে মেঘনা নদীর পশ্চিম তীর বরাবর  $২২^{\circ}৪১'৫১.২৯''$  উত্তর অক্ষাংশ পর্যন্ত;
- (খ) উত্তর-পশ্চিম সীমানা : ভোলা জেলার সদর উপজেলাস্থ ইলিশা লঞ্চঘাট হইতে উত্তর-পশ্চিম দিকে মেঘনা নদীর শাখা নদী তেঁতুলিয়া বা গনেশপুরা নদীর তীরে ভেদুরিয়া ফেরিঘাট হইতে পূর্ব তীর বরাবর  $৯০^{\circ}৩৪'১৬.৬০''$  উত্তর অক্ষাংশ পর্যন্ত; এবং

(১৯৮১৯)

মূল্য : টাকা ৪.০০

(খ) ভূ-ভাগের সীমানা : উপরিউক্ত বন্দর সীমানার আওতায় মেঘনা নদীর পশ্চিম তীর এবং তেঁতুলিয়া বা গনেশপুরা নদীর দক্ষিণ-পূর্ব তীর বরাবর ভরাকটাল (spring tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (highest water level) এর তটরেখা হইতে নদীর স্থলভাগের দিকে ৫০ (পঞ্চাশ) গজ (yard) পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাঃ আমিনুর রহমান  
উপসচিব।